3 (Sem–4) BEN M 1

Mahesh Chandra Dev Goswami Library
Acc. No.........
Date..............
Nongpoh Girls' College

**2 0 1 6**

# BENGALI

## ( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ও', 'উ', 'আ'—এর মধ্যে বিবৃত স্বরধ্বনি কোনটি?

(খ) 'র', 'ড়', 'ঢ়'—এর মধ্যে কম্পিত ব্যঞ্জন কোনটি?

(গ) কাক>কাগ—এখানে ধ্বনি পরিবর্তনের কোন্ সূত্র অনুসরণ করা হয়েছে?

(ঘ) আদি স্বরাগমের একটি দৃষ্টান্ত দাও।

(ঙ) 'ঘড়িয়াল' শব্দের আধুনিক অর্থ (চতুর ব্যক্তি/কুমির)। শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা অনুসরণ করে এটি তৈরি হয়েছে?

(চ) ''আমার দিনের শেষ ছায়াটুকু মিশাইলে মূল তানে গুঞ্জন তার রবে চিরদিন।'' এটা কোন্ অলংকারের দৃষ্টান্ত?

(ছ) "উদ্ধত যত শাখার শিখরে রডোডেনড্রনগুচ্ছ।" চরণটি কত মাত্রার ?

(জ) বিলম্বিত লয়ের ছন্দ কোনটি ?

(ঝ) "দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া"। এটা কোন্ অলংকারের দৃষ্টান্ত ?

(ঞ) তানপ্রধান ছন্দ অনুযায়ী একটি পূর্ণ পর্বের দৈর্ঘ্য সবচেয়ে কম কত মাত্রার হতে পারে ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) নিম্নলিখিত পদ্যাংশে উপচ্ছেদ ও অর্ধযতির (বা হ্রস্বযতি) স্থান নির্দিষ্ট করে দেখাও :

"একাকিনী শোকাকুলা অশোক-কাননে
কাঁদেন রাঘববাঞ্ছা আঁধার কুটীরে।"

(খ) স্বতোমূর্ধন্যীভবনের দুটি উদাহরণ দাও।

(গ) বাংলায় ব্যবহৃত দুটি দেশী শব্দের উদাহরণ দাও।

(ঘ) 'গাহিয়া', 'বাহির'—শব্দ দুটির চলিত রূপ লেখো।

(ঙ) উদাহরণসহ স্বভাবোক্তি অলংকারের সংজ্ঞা লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবনের পার্থক্য কী তা দেখাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো—সমরূপ শব্দ, সমধ্বনি শব্দ।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

"ধরণী এগিয়ে আসে দেয় উপহার
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।"

(ঘ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

"ফাগবিন্দু দেখি সিন্দুরবিন্দু কহ
কন্টকে কঙ্কণদাগ মিছাই ভাবহ।"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের ভালে।

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"কখন জাগিলে তুমি হে সুন্দর ঊষা ;
রজনীর পার্শ্বে ছিলে স্বপন মগন
কখন করিলে তুমি স্বর্ণ বেশভূষা ?
ললিত রাগিনী দিয়ে রঞ্জিলে গগন!"

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) কাল নির্দেশ করে প্রাচীন বাংলা ভাষার লক্ষণগুলি উল্লেখ করো।

(খ) বাংলার উপভাষাগুলির ভৌগোলিক অবস্থান নির্দেশ করো। যে কোনো একটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ উল্লেখ করো।

(গ) সাধু ভাষা ও চলিত ভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(ঘ) সংজ্ঞাসহ উদাহরণ দাও :

অপিনিহিতি ; অভিশ্রুতি ; ঘোষীভবন ; স্বরভক্তি ; অল্পপ্রাণিত।

৫। (ক) উপমা অলংকার কাকে বলে? উপমা অলংকার কয় প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারের একটি করে দৃষ্টান্ত দাও। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও : ১০

(১) উৎপ্রেক্ষা ও ভ্রান্তিমান

(২) ব্যাজস্তুতি ও স্বভাবোক্তি

(৩) বৃত্তানুপ্রাস ও ছেকানুপ্রাস

৬। (ক) উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ১০

*অথবা*

(খ) "বাংলা পদ্যের ছন্দোরীতিগুলি অক্ষর এবং মাত্রার পারস্পরিক পরিমাণগত সম্পর্কের উপর ভিত্তি করেই গড়ে উঠেছে।" উদাহরণ দিয়ে মন্তব্যটি বুঝিয়ে দাও। ১০

★ ★ ★